



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh



কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, EIIN : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭
e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

তারিখ: ১৪/০৫/২০২৩ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ ভর্তি বিজ্ঞপ্তি

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল এর ২০২২-২৩ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তির জন্য ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি চূড়ান্ত ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions অথবা <http://app1.nu.edu.bd/>) এ প্রবেশ করে Applicant Login অপশন থেকে Honours Login লিংকে প্রবেশ করে সঠিক রোল ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইটে ফরম পূরণের পর <https://kgc.ac.bd/admission/> লিংকে প্রবেশ করে **EMS Student Login** বাটনে ক্লিক করে শিক্ষার্থীদের কমন ইউজার আইডি ও পাসওয়ার্ড (User : kgcstudent, Password: kgcstudent) ব্যবহার করে Login করে Online Admission এ ক্লিক করতে হবে। পরবর্তিতে Click for New Admission এ ক্লিক করে শিক্ষার্থীর বিষয় নির্বাচন করে Admission Roll দিয়ে ফরম পূরণ করে সাবমিট করতে হবে। নিম্নে উল্লিখিত বিষয়ের পার্শে বর্ণিত মোট ফি কলেজের ওয়েবসাইটে প্রদর্শিত নিয়মে 'নগদ' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীরা 'নগদ' এ নির্ধারিত টাকা পরিশোধ করার পর স্বয়ংক্রিয়ভাবে শ্রেণি রোল পড়বে এবং প্রদত্ত মোবাইল নম্বরে ভর্তি সম্পন্ন হওয়ার Message যাবে।

অনলাইনে ফরম উত্তোলনের সময়সীমা : ১৮ মে ২০২৩ খ্রি. হতে ২৯ মে ২০২৩ খ্রি. পর্যন্ত। নির্দিষ্ট সময়ের পর ফরম উত্তোলন বা জমা দেয়া যাবে না।


** আগামী ৩০ মে ২০২৩ খ্রি. তারিখ দুপুর ২টার মধ্যে নিম্নলিখিত কাগজ পত্র গুলো A4 সাইজ ০১টি বড় খামে স্বাস্থ্যবিধি মেনে জমা দিতে হবে।

- অনলাইনে পূরণকৃত কলেজের ফরম। (কলেজ ওয়েবসাইট হতে) বিস্তারিত : <https://kgc.ac.bd/admission/>
- অনলাইনে পূরণকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম।
- এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্র এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
- প্রাথমিক আবেদন ফরম।
- টাকা জমা রশিদের ফটোকপি।

অনার্স বিষয়	ভর্তি	সেশন ও সেমিনার ফি	মোট টাকার পরিমাণ
বি.এ/বি.এস.এস অনার্স: বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, ইসলামের ইতিহাস, ইতিহাস, ও দর্শন	৩,৬৩৫/-	১৬০০/-	৫,২৩৫/-
বি.এসসি অনার্স: গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, প্রাণিবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান ও গার্হস্থ্যবিজ্ঞান	৩,৮৮৫/-	২,২০০/-	৬,০৮৫/-
ভূগোল ও পরিবেশ	৩,৬৮৫/-	২,২০০/-	৫,৮৮৫/-

বি.দ্র: শিক্ষার্থীদের অনলাইন আবেদন ফরমে শিক্ষার্থী ও অভিভাবকের মোবাইল নম্বর একই হওয়া যাবে না। ভর্তি শেষে প্রত্যেক শিক্ষার্থীকে নিজ ইয়ারের Whatsapp গ্রুপে যুক্ত হতে হবে।

ভর্তির ফরম জমা নেয়ার পর প্রত্যেক বিভাগকে ফরম নিশ্চয়ন করতে হবে এবং প্রত্যেক ধাপের অনলাইনে ভর্তি নিশ্চয়নের শেষ দিন জমাকৃত ভর্তি ফরমের সাথে অফিসের চূড়ান্ত তালিকা মিলিয়ে দেখার ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হলো।


(প্রফেসর মো: বদরুল আলম)
অধ্যক্ষ
কুমুদিনী সরকারি কলেজ
টাঙ্গাইল